

## হাসপাতালের বিলের উপর আর্থিক সহায়তা প্রদান

### CHLA কী ধরনের আর্থিক সহায়তা প্রদান করে?

আপনার স্বাস্থ্য বিমা না থাকলে বা পরিবারের চিকিৎসা ব্যয়ের পরিমাণ অনেক বেশি হওয়ার জন্য যদি হাসপাতালের বিলের সম্পূর্ণ অর্থ পরিশোধ করতে না পারেন, সেক্ষেত্রে Children's Hospital Los Angeles (CHLA) আপনাকে দুই ধরনের আর্থিক সহায়তা প্রদান করে যা আপনাকে সাহায্য করতে পারে। এই দুটি ধরনের আর্থিক সহায়তা, চ্যারিটি কেয়ার এবং ডিসকাউন্টেড কেয়ার, CHLA এর আর্থিক সহায়তা নীতি FIN 006.0-তে, আরও বিস্তারিতভাবে ব্যাখ্যা করা হয়েছে, আপনার অনুরোধে প্রিন্টআউট হিসাবে বা CHLA এর ওয়েবসাইট <http://www.chla.org> তে উপলব্ধ।

আপনি যদি চ্যারিটি কেয়ারের জন্য যোগ্যতা অর্জন করেন তবে CHLA জরুরি বা চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় পরিষেবার জন্য আপনার হাসপাতালের বিলের পুরো পরিমাণ মকুব করবে। আপনি যদি ডিসকাউন্টেড কেয়ারের জন্য যোগ্যতা অর্জন করেন তবে CHLA আপনাকে এই জাতীয় পরিষেবাগুলির জন্য আপনার হাসপাতালের বিলের উপর ছাড় দেবে। আপনি যে প্রোগ্রামের জন্যই যোগ্যতা অর্জন করুন না কেন, আর্থিক সহায়তার জন্য যোগ্য রোগী হিসাবে, আপনাকে জরুরি বা অন্যান্য চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় হাসপাতাল পরিষেবার জন্য বিমাকৃত রোগীদের "অ্যামাউন্টস জেনারেলি বিন্ড"-এর চেয়ে বেশি চার্জ করা হবে না।

অনুগ্রহ করে মনে রাখবেন যে CHLA দ্বারা প্রদত্ত আর্থিক সহায়তা শুধুমাত্র হাসপাতালের বিলের ক্ষেত্রে প্রযোজ্য, CHLA-তে রোগীদের দেখার জন্য চিকিৎসকদের বিলের ক্ষেত্রে নয়। অনুগ্রহ করে পেডিয়াট্রিক ম্যানেজমেন্ট গ্রুপ গ্রাহক পরিষেবার সাথে তাদের দেওয়া পরিষেবার জন্য আর্থিক সহায়তা পেতে সরাসরি (323) 361-2336 তে যোগাযোগ করুন।

### আমি কি CHLA থেকে আর্থিক সহায়তার যোগ্য?

আপনি যদি বিমাকৃত না হন এবং / অথবা আপনার চিকিৎসার ব্যয় অত্যধিক থাকে তবে আপনি চ্যারিটি কেয়ারের যোগ্যতা অর্জন করতে পারেন যদি আপনার পারিবারিক আয় ফেডারেল দারিদ্র্য স্তরের 400% তে বা তার নীচে হয়<sup>1</sup>। একইভাবে, আপনি ডিসকাউন্টেড কেয়ারের যোগ্যতা অর্জন করতে পারেন যদি আপনার পারিবারিক আয় ফেডারেল দারিদ্র্য স্তরের 400% এর বেশি তবে 600% অথবা তার নীচে হয়।

চ্যারিটি কেয়ার বা ডিসকাউন্টেড কেয়ার পাওয়ার জন্য, আপনাকে অবশ্যই CHLA এর কাছে একটি আবেদন জমা দিতে হবে। CHLA আপনার সম্পূর্ণ আবেদনটি গ্রহণ করার পরে, CHLA নির্ধারণ করবে যে আপনি যোগ্য কিনা এবং 30 দিনের মধ্যে আপনাকে লিখিতভাবে অবহিত করবে।

### আমি কোথায় আবেদনপত্রের একটি কপি পেতে পারি?

CHLA আর্থিক সহায়তা আবেদন, আর্থিক সহায়তা নীতি এবং এই সারসংক্ষেপের বিনামূল্যে মুদ্রিত কপিগুলি অনুরোধের ভিত্তিতে, 4650 Sunset Blvd, Los Angeles, CA 90027 এ অবস্থিত হাসপাতালের প্রধান প্রবেশদ্বারের

<sup>1</sup>ফেডারেল দারিদ্র্য স্তর ফেডারেল সরকার দ্বারা প্রতি বছর আপডেট করা হয় এবং সর্বজনীনভাবে অ্যাক্সেসযোগ্য সরকারি ওয়েবসাইটগুলিতে উপলব্ধ।

কাছে অবস্থিত এডমিটের এলাকায়, এমারজেসি রুমের রেজিস্ট্রেশন এলাকায় এবং অন্যান্য অঞ্চলে উপলব্ধ। এগুলি <http://www.chla.org> CHLA এর ওয়েবসাইটেও উপলব্ধ। এছাড়াও আপনি (800) 404-6627 নাম্বারে পেশেন্ট বিজনেস সার্ভিসেসে কল করে আপনাকে বিনামূল্যে কপি মেইল করার অনুরোধ করতে পারেন।

## আমি কিভাবে আবেদন করব?

আপনি বা আপনার প্রতিনিধি নিম্নলিখিত যে কোনও উপায়ে CHLA এর পেশেন্ট বিজনেস সার্ভিসেস অফিসে একটি পূরণ করা আবেদন (আবেদনপত্রটিতে উল্লিখিত সমস্ত প্রয়োজনীয় নথি সহ) জমা দিয়ে আর্থিক সহায়তার জন্য আবেদন করতে পারেন:

- মেইলের মাধ্যমে বা ব্যক্তিগতভাবে: Patient Business Services  
Mailstop 26  
Children's Hospital Los Angeles  
4650 Sunset Boulevard  
Los Angeles, CA 90027

CHLA এর কর্মীরা আর্থিক সহায়তার আবেদনটি পূরণ করতে সহায়তা করতে পারবে না, তবে আপনি Los Angeles এর Health Consumer Center থেকে আবেদনপত্রের বিষয়ে সহায়তা পেতে পারেন। এই অলাভজনক সংস্থাটি 13327 Van Nuys Boulevard, Pacoima, CA 91331 তে অবস্থিত এবং এর ফোন নম্বর (800) 896-3203।

## আবেদনপত্রটি কি ইংরেজি ব্যতীত অন্য ভাষায় উপলব্ধ?

আর্থিক সহায়তা নীতির অনুবাদ, এই সারসংক্ষেপ, এবং আবেদন ফর্মটি আর্মেনিয়ান, স্পেনীয়, চীনা / তাইওয়ান, কোরিয়ান, ভিয়েতনামী এবং আরবি এইসব ভাষায় উপলব্ধ। আপনি যদি অন্য কোনও ভাষায় আপনাকে সাহায্য করার জন্য কোনও দোভাষী চান তবে অনুগ্রহ করে CHLA এর কর্মীসদস্যকে সহায়তা করতে বলুন।

## আমি কোথায় আরও তথ্য পেতে পারি?

আপনি যদি CHLA এর আর্থিক সহায়তা নীতি সম্পর্কে আরও তথ্য চান তবে অনুগ্রহ করে পেশেন্ট বিজনেস সার্ভিসেসের অফিসে (800) 404-6627 নাম্বারে ফোন করে বা গিয়ে কথা বলুন।